DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 15 Jul 2026, 02:17 PM

জাতীয়

# দুবাইফেরত যাত্রীর কাছে মিলল সাড়ে ৩ কোটি টাকার স্বর্ণ

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: সোমবার, ১৩ জুলাই ২০২৬, ০৭:০১ PM




চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে প্রায় সাড়ে ৩ কোটি টাকা মূল্যের ২ কেজি ১৬০ গ্রাম স্বর্ণসহ এক যাত্রীকে আটক করেছে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) ও ডিরেক্টরেট জেনারেল অব ফোর্সেস ইন্টেলিজেন্স (ডিজিএফআই)। পরে উদ্ধার করা স্বর্ণ বিমানবন্দর কাস্টমস কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে।

সোমবার (১৩ জুলাই) সকালে বিমানবন্দরের গ্রিন চ্যানেল অতিক্রম করার সময় মোহাম্মদ শহিদুল আলম চৌধুরী নামের ওই যাত্রীকে আটক করা হয়। তিনি চট্টগ্রামের মিরসরাই উপজেলার বাসিন্দা। দুবাই থেকে একটি ফ্লাইটে তিনি চট্টগ্রামে পৌঁছান।

শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের জনসংযোগ কর্মকর্তা প্রকৌশলী ইব্রাহিম খলিল এ তথ্য নিশ্চিত করেছেন।

বিমানবন্দর সূত্র জানায়, গ্রিন চ্যানেল পার হওয়ার সময় ওই যাত্রীর গতিবিধি সন্দেহজনক মনে হলে এনএসআই ও ডিজিএফআইয়ের

সদস্যরা তাকে চ্যালেঞ্জ করেন। পরে দেহ তল্লাশি চালিয়ে তার পায়জামার বেল্টের অংশ এবং অন্তর্বাসের ভেতরে বিশেষ কৌশলে লুকিয়ে রাখা স্বর্ণ উদ্ধার করা হয়।

উদ্ধার করা স্বর্ণের মোট ওজন ২ কেজি ১৬০ গ্রাম। এর আনুমানিক বাজারমূল্য ৩ কোটি ৫৬ লাখ টাকা বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

যৌথ অভিযান শেষে জব্দ করা স্বর্ণ বিমানবন্দর কাস্টমস কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। আটক যাত্রীর বিরুদ্ধে চোরাচালান আইনে মামলা দায়েরের প্রস্তুতি চলছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

---

## এ বিভাগের আরও খবর




**এইচএসসি পরীক্ষায় শিক্ষার্থীবান্ধব ৫ উদ্যোগ নিলো সরকার**

বৈরী আবহাওয়া ও পদার্থবিজ্ঞান প্রথম পত্রের প্রশ্নপত্র নিয়ে তৈরি হওয়া জটিলতার মধ্যে এইচএসসি ও সমমানের পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পাঁচটি শ...



**মুক্তিযুদ্ধে শহীদদের পূর্ণাঙ্গ তালিকা করা হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী**

মুক্তিযুদ্ধে শহীদদের একটি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়নে কর্মপরিকল্পনা প্রণয়ন ও কার্যক্রম গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান...




### চোরাচালান ও পাচার রুখতে নতুন আইন কার্যকর ভূমিকা রাখবে: স্বরাষ্ট্রমন্ত্রী

সংঘবদ্ধ অপরাধী চক্রের ডিজিটাল প্ল্যাটফর্ম ও প্রযুক্তির অপব্যবহার রুখতে এবং মানব পাচার ও অভিবাসী চোরাচালান দমনে নতুন আইন কার্যকর ভূমিকা রাখবে...

---

### সরকারি চাকরিজীবীরা ৪ ক্যাটাগরিতে ইনক্রিমেন্ট পাবেন , কোন গ্রেডে কত

নবম পে স্কেলে নতুন নিয়মে ইনক্রিমেন্ট পাবেন সরকারি চাকরিজীবীরা। এ ক্ষেত্রে উচ্চ গ্রেডের তুলনায় অপেক্ষাকৃত বেশি সুবিধা ভোগ করবেন নিম্ন ও মধ্যম...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/dubaifert-jatrir-kachhe-mill-sare-3-koti-takar-sbrn